

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৭০

১/ ঈমান (کتاب الإيمان)

পরিচ্ছেদঃ ১/৪৫. আত্মহত্যা কঠোরভাবে হারাম হওয়ার বর্ণনা, আর যে ব্যক্তি যা দ্বারা আত্মহত্যা করবে তার দ্বারা জাহান্নামে তাকে শাস্তি দেয়া হবে, মুসলিম ব্যতীত কেউ জান্নাতে প্রবেশ করতে পারবে না।

بَابِ غِلَظِ تَحْرِيمٍ قَتْلِ الْإِنْسَانِ نَفْسَهُ وَأَنَّ مَنْ قَتَلَ نَفْسَهُ بِشَيْءٍ عُذِّبَ بِهِ فِي النَّارِ وَأَنَّهُ لَا يَدْخُلُ الْجَنَّةَ إِلَّا نَفْسٌ مُسْلِمَةٌ (158)

আরবী

حَدِيْثُ ثَابِتَ بْنَ الضَّحَّاكِ وَكَانَ مِنْ أَصْحَابِ الشَّجَرَةِ أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم قَالَ مَنْ حَلَفَ عَلَى مِلَّةٍ غَيْرِ الإِسْلامِ فَهُوَ كَمَا قَالَ وَلَيْسَ عَلَى ابْنِ آدَمَ نَذْرٌ فِيمَا لاَ يَمْلِكُ وَمَنْ قَتَلَ نَفْسَهُ بِشَيْءٍ فِي الدُّنْيَا عُذِّبَ بِهِ يَوْمَ الْقِيَامَةِ وَمَنْ لَعَنَ مُؤْمِنًا فَهُوَ كَقَتْلِهِ وَمَنْ قَدَفَ مُؤْمِنًا بِكُفْرِ فَهُوَ كَقَتْلِهِ وَمَنْ قَدَفَ مُؤْمِنًا بِكُفْرِ فَهُوَ كَقَتْلِهِ

বাংলা

৭০. সাবিত ইবনু যাহ্হাক (রাযি.) হতে বর্ণিত। তিনি গাছের নীচে বাই'আত গ্রহণকারীদের অন্যতম সাহাবী ছিলেন। আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি ইসলাম ধর্ম ব্যতীত অন্য কোন ধর্মের উপর কসম খাবে, সে ঐ ধর্মেরই শামিল হয়ে যাবে, আর মানুষ যে জিনিসের মালিক নয়, এমন জিনিসের নযর আদায় করা তার উপর ওয়াজিব নয়। আর কোন ব্যক্তি দুনিয়াতে যে জিনিস দ্বারা আত্মহত্যা করবে, কিয়ামতের দিন সে জিনিস দিয়েই তাকে 'আ্যাব দেয়া হবে। কোন্ ব্যক্তি কোন্ মু'মিনের উপর অভিশাপ দিলে, তা তাকে হত্যা করারই শামিল হবে। আর কোন্ মু'মিনকে কাফির বলে অপবাদ দিলে, তাও তাকে হত্যা করারই মত হবে।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৭৮: আদব-আচার, অধ্যায় ৪৪, হাঃ ৬০৪৭; মুসলিম; ১ ঈমান, অধ্যায় ৪৫, হাঃ ১১০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সাবিত ইবন যাহহাক আনসারী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন